cwÎKvi bvg: ˆ`wbK B‡Ëdvk I The Daily Sun
ZvwiL : 12/04/2017 wLª:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (৪র্থ তলা)
সেগুনবাগিচা, ঢাকা - ১০০০।
www.cgdf.gov.bd

নং-সিজিডিএফ/প্রশা/০১২-এপেক্স-ক-১৮শ/২৬৭

তারিখঃ ২৭-১২-১৪২৩ বঃ
১০-০৪-২০১৭ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- প্রম/ডি-২/ছাড়পত্র/সিজিডিএফ/২০১১/২৪৭ তারিখঃ ১৩/০৭/২০১৬ খ্রিঃ এর মাধ্যমে শূন্য পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদানের প্রেক্ষিতে ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্টের নিম্নবর্ণিত রাজস্ব খাতভুক্ত শূন্য পদসমূহে অস্থায়ীভিত্তিতে লোক নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

ক্র: নং	পদের নাম	শূন্য পদের সংখ্যা	বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল ২০১৫ অনুযায়ী) এবং গ্রেড	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১।	**অডিটর**	৬৭ (সাতষট্টি) টি	১২৫০০-৩০২৩০ গ্রেড-১১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ডিগ্রি	গাজীপুর, মুন্সিগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, ময়মনসিংহ, চাঁদপুর, লক্ষ্মীপুর, পাবনা, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, গাইবান্ধা, কুড়িগ্রাম, মাগুরা, নড়াইল, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর এবং পটুয়াখালী।	যে কোনো জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
২।	**জুনিয়র অডিটর (এলডিএ-কাম-টাইপিস্ট)**	৪০ (চল্লিশ) টি	৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	১। স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ২। কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing / Data Entry ও Typing ইত্যাদির গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ এবং ইংরেজীতে ২০ শব্দ।		
৩।	**ড্রাইভার**	০৪ (চার) টি	৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	ড্রাইভিং লাইসেন্সধারী		
৪।	**অফিস সহায়ক**	১১ (এগার) টি	৮২৫০-২০০১০/- গ্রেড-২০	অষ্টম শ্রেণি/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	গাজীপুর, মানিকগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, জামালপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, বান্দরবান, কুমিল্লা, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, রাজশাহী, বগুড়া, পঞ্চগড়, সিরাজগঞ্জ, নাটোর, রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম, নীলফামারী, খুলনা, সাতক্ষীরা, যশোর, মাগুরা, নড়াইল, চুয়াডাঙ্গা, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর এবং বরগুনা।	
৫।	**নিরাপত্তা প্রহরী**	০৪ (চার) টি	৮২৫০-২০০১০/- গ্রেড-২০	অষ্টম শ্রেণি/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ		
৬।	**পরিচ্ছন্নতা কর্মী**	০১ (এক) টি	৮২৫০-২০০১০/- গ্রেড-২০	সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। সরকারি সর্বশেষ পরিপত্র অনুযায়ী জাত হরিজন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।		

শর্তাবলীঃ

০১। আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/১২/২০১৪ খ্রিঃ তারিখের পরিপত্র নং-০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ এ বর্ণিত নির্ধারিত চাকরির আবেদন ফরমে স্পষ্টাক্ষরে স্ব-হস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স কার্যালয়ের ওয়েব সাইট (www.cgdf.gov.bd) এ পাওয়া যাবে। স্ব-হস্তে আবেদন পত্র পূরণ না করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

০২। নির্ধারিত ফরমে বর্ণিত প্রার্থীর প্রাসঙ্গিক সকল সনদপত্রসহ আবেদন পত্র আগামী **১০/০৫/২০১৭ খ্রিঃ** তারিখের মধ্যে (বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত) অবশ্যই **"কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, ১ম ১২তলা সরকারি অফিস ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০"** বরাবরে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোনো আবেদন পত্র এবং নির্ধারিত তারিখের পর ডাকযোগে বা অন্য কোনোভাবে প্রাপ্ত আবেদন পত্র গ্রহণ করা হবে না।

০৩। আবেদন পত্রের সাথে নিম্নে বর্ণিত সনদপত্রসমূহের ফটোকপি, নবম অথবা তদূর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মচারী (নামাঙ্কিত সীল মোহরসহ) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবেঃ-

(ক) স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক নিজ জেলা উল্লেখপূর্বক নামাঙ্কিত সীল-মোহরসহ প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(খ) নবম অথবা তদূর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মচারী কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ও সম্প্রতি তোলা ৫×৫ সে:মি সাইজের ০৪ (চার) কপি সত্যায়িত রঙিন ছবি (ছবির পিছনে অবশ্যই প্রার্থীর নাম উল্লেখপূর্বক সত্যায়িত হতে হবে);

(গ) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদের কপি (প্রশংসাপত্র/মার্কশীট গ্রহণযোগ্য নয়);

(ঘ) আবেদনকারীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) সম্বলিত ১০ (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিট (রেভিনিউ স্ট্যাম্প বা সার্ভিস স্ট্যাম্প নয়) সংযুক্ত ১০″× ৪.৫″ ইঞ্চি মাপের ১টি ফেরতখাম আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করে প্রেরণ করতে হবে।

(ঙ) পরীক্ষার ফি বাবদ প্রার্থীদেরকে আবেদনপত্রের সঙ্গে **"কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, ১ম ১২তলা সরকারি অফিস ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০"** বরাবর **কোড নং-১/১৯০৭/০০০১/২০৩১** এর অনুকূলে ক্রমিক নং ০১ হতে ০৩ এ বর্ণিত পদের জন্য ১০০/- টাকা এবং ক্রমিক নং ০৪ হতে ০৬ এ বর্ণিত পদের জন্য ৫০/- টাকার জমাকৃত (বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকের যে কোনো শাখা) ট্রেজারি চালানের মূলকপি (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়);

(চ) জুনিয়র অডিটর (এলডিএ-কাম-টাইপিস্ট) পদের জন্য সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে কম্পিউটার টাইপের গতি সম্পর্কিত সনদের কপি;

(ছ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক সর্বশেষ সিদ্ধান্ত অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরীর আবেদনপত্রের সঙ্গে তাঁদের পিতার পিতা/পিতার মাতা/ মাতার পিতা/ মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর সার্টিফিকেট, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতি-স্বাক্ষরিত হতে হবে;

(জ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা- এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর / পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সনদ;

(ঝ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য/সদস্যা প্রার্থীদের নিয়োগের ক্ষেত্রে ১০% কোটার আওতায় কেবল মাত্র উক্ত বাহিনীর সাংগঠনিক ইউনিটের অন্তর্ভুক্ত মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত (তিন সপ্তাহ বা তদূর্ধ্ব মেয়াদী) প্রকৃত সদস্য/সদস্যাদের সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(ঞ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(ট) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং সিটি কর্পোরেশন এলাকা হলে জেলা প্রশাসক দপ্তর কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিচয় বিষয়ক সনদপত্র;

(ঠ) পরিচ্ছন্নতা কর্মী পদে জাত হরিজন কোটায় নিয়োগলাভে প্রত্যাশী প্রার্থীদেরকে উক্ত কোটা দাবীর সমর্থনে জেলা প্রশাসক অথবা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;

(ড) জাতীয় পরিচয় পত্র / জন্ম নিবন্ধন সনদ;

(ঢ) ড্রাইভার পদের জন্য ড্রাইভিং লাইসেন্সের কপি;

(ণ) নমুনা অনুযায়ী প্রবেশপত্রের ০২ (দুই) কপি (কম্পিউটারে টাইপকৃত A4 সাইজের কাগজে) যার ডান পার্শ্বের সম্পূর্ণ অংশ প্রার্থী কর্তৃক স্বহস্তে পূরণ করে আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে;

০৪। প্রার্থীর বয়সসীমা ০১/০৪/২০১৭ খ্রিঃ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছরের মধ্যে হতে হবে। উল্লেখ্য যে, মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৫। সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা অনুযায়ী কোটা সম্পর্কিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৬। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না এবং বয়সসীমাও শিথিলযোগ্য নয়।

০৭। প্রেরিত আবেদনপত্রের খামের উপর বাম পাশে পদের নাম, কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) এবং নিজ জেলার নাম স্পষ্টাক্ষরে অবশ্যই লিখতে হবে। অন্যথায় আবেদন পত্র বাতিল হিসেবে গণ্য হবে।

০৮। কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং তা প্রমাণিত হলে পরবর্তীতে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। অস্পষ্ট/অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/বিলম্বে প্রাপ্ত/একই খামের মধ্যে একাধিক আবেদনপত্র অথবা আবেদনপত্রের উপর কোনো প্রকার সুপারিশ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। চাকরিতে নিয়োগপ্রাপ্তদের বাংলাদেশের যে কোনো সেনানিবাসে অবস্থিত ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্টের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন যে কোনো কার্যালয়ে পদায়ন করা হবে।

১২। যে কোনো ধরণের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৩। আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য ডাকা হবে।

১৪। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো আবেদনপত্র বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৬। এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল অথবা প্রয়োজনবোধে যে কোনো সংযোজন, পরিবর্তন বা পরিবর্ধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৭। আবেদনপত্র বাছাই ও নিয়োগের ব্যাপারে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত

(মোঃ নওসাদ হোসেন)

জয়েন্ট কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়

১ম ১২ তলা সরকারি অফিস ভবন (৪র্থ তলা)

সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ও

সদস্য সচিব

বিভাগীয় নির্বাচন কমিটি